৩

৭৬৮

Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

মুজিব ১০০

স্মারক নম্বর : ২৬.০৪.০০০০.১১০.০৫.৩১২.২২-৮৪৫ তারিখ : ০৯ আগস্ট ২০২৩ খ্রি.

বিষয় : চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী উদ্যোগসমূহ নিয়ে শোকেসিং ইভেন্ট আয়োজনের লক্ষ্যে তথ্য সংযুক্ত ছক অনুযায়ী প্রেরণ

সূত্র : বাণিজ্য মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখার ০৬ আগস্ট ২০২৩ তারিখের ২৬.০০.০০০০.০৮৭.১৬.০০২.২৩.২৮৭ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কর্তৃক গৃহীত চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী উদ্যোগসমূহ নিয়ে শোকেসিং ইভেন্ট আয়োজনের লক্ষ্যে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী উদ্যোগসমূহ তথ্য ছক অনুযায়ী প্রস্তুত করা হয়েছে।

২। বর্ণিত প্রস্তুতকৃত অধিদপ্তরের চাহিত তথ্যাদি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

(এ.এইচ.এম. সফিকুজ্জামান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮১৮৯৪২৬
ই-মেইল: dg@dncrp.gov.bd

সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর : ২৬.০৪.০০০০.১১০.০৫.৩১২.২২-৮৪৫ তারিখ : ০৯ আগস্ট ২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। উপসচিব (প্রশাসন-২), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

০৯।০৮।২০২৩

(আতিয়া সুলতানা)
উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

## তথ্য প্রদান ছক

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/বিভাগ | উদ্যোগ গ্রহণকারী দপ্তর/সংস্থা | উদ্যোগের শিরোনাম | উদ্যোগে ব্যবহৃত চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি (যেমন: কৃত্রিম বুদ্ধিমত্তা, ড্রোন, রোবোটিক্স, ইন্টারনেট অফ থিংস, ব্লকচেইন, ভার্চুয়াল ও অগমেন্টেড রিয়েলিটি, ক্লাউড কম্পিউটিং, বিগডাটা অ্যানালাইসিস ইত্যাদি) | উদ্যোগের সংক্ষিপ্ত বর্ণনা | উদ্যোগটি বর্তমানে শোকেসিং কি না? |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বাণিজ্য মন্ত্রণালয় | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ই-প্রণোদনা | অনলাইন মোবাইল ব্যাংকিং সিস্টেম | ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৭০ (৪) ধারার অধীন আরোপিত জরিমানা দোষী ব্যক্তি স্বেচ্ছায় অনূর্ধ্ব ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে প্রদান করার বিধান রয়েছে। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৭৬ (৩) ধারার অধীন তদন্তে অভিযোগকারীর অভিযোগটি সঠিক প্রমাণিত হলে মহাপরিচালক বা তাঁর নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দোষী ব্যক্তিকে প্রশাসনিক ব্যবস্থায় জরিমানা আরোপ করতে পারবেন। উক্ত আইনে ৭৬ (৪) ধারার উপধারা (৩) এর অধীন আরোপিত জরিমানার অর্থ আদায় হয়ে থাকলে উক্ত আদায়কৃত অর্থের ২৫ শতাংশ তাৎক্ষণিকভাবে উপধারা (১) এ উল্লেখিত অভিযোগকারীকে প্রদান করতে হবে। এক্ষেত্রে ই-প্রণোদনা পদ্ধতির মাধ্যমে জরিমানা বাবদ আদায়কৃত অর্থের ২৫ শতাংশ অর্থ গ্রহণের জন্য অভিযোগকারীকে পুনরায় অধিদপ্তরে বা স্থানীয় অফিসে না এসেই এই ই-প্রণোদনা অনলাইন মোবাইল ব্যাংকিং সিস্টেম এর মাধ্যমে গ্রহণ করতে পারবে। | হ্যাঁ |
| ০২ | বাণিজ্য মন্ত্রণালয় | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সিসিএমএস | অনলাইন প্লাটফর্ম ভিত্তিক ওয়েব পোর্টাল | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরে ভোক্তাদের নিকট থেকে প্রাপ্ত লিখিত অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে '**সিসিএমএস (Consumer Complaint Management System)** শীর্ষক ওয়েব পোর্টাল এবং সফটওয়্যার তৈরি করা হয়েছে। উক্ত ওয়েব পোর্টালের (www.dncrp.com) মাধ্যমে সাধারণ ভোক্তাগণ সহজে অভিযোগ দায়ের করতে পারবেন এবং দ্রুততম সময়ে এ সংক্রান্ত | হ্যাঁ (সেবার উদ্যোগটি বর্তমানে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | সেবা গ্রহণ করতে পারবেন। | চালু রয়েছে যা পরবর্তীতে বিভাগীয় কার্যালয়সহ সকল জেলা কার্যালয়ে সম্প্রসারণ করা হবে) |
| ০৩ | বাণিজ্য মন্ত্রণালয় | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর শীর্ষক ফেইসবুক পেজ (https://web.facebook.com/dncrp) | সামাজিক যোগাযোগ মাধ্যম | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ভোক্তাবৃন্দকে সচেতন করার লক্ষ্যে প্রতি বছর লিফলেট, প্যাম্পলেট, স্টিকার, ক্যালেন্ডার ও ডায়েরি বিতরণ, অভিযান চলাকালে হ্যান্ডমাইকের সাহায্যে মাইকিং করা, ভোক্তাসাধারণ ও বিভিন্ন ব্যবসায়ী সমিতি ও সংগঠনের সাথে সেমিনার এবং মতবিনিময় সভা, রচনা প্রতিযোগিতার আয়োজন, স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে কুইজ প্রতিযোগিতার আয়োজন, প্রতিবছর ১৫ই মার্চ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস পালন, ট্রাকশো আয়োজন ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে আসছে। এ সকল প্রচারণামূলক কার্যক্রমের মাধ্যমে কাঙ্ক্ষিত সংখ্যক ভোক্তাবৃন্দকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা সম্ভব হত না। ভোক্তা-অধিকার আইন সম্পর্কে খুব সহজে ও দ্রুত সময়ে অধিক সংখ্যক ভোক্তাকে সচেতন করার লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক 'জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর' শীর্ষক ফেইসবুক পেজ (https://web.facebook.com/dncrp) চালু করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ থেকে "স্মার্ট বাংলাদেশ" স্লোগান-কে সামনে রেখে অফিসিয়াল ফেইসবুক পেজ চালুর এই উদ্যোগটি জনবান্ধব ও সময়োপযোগী। ২০১৫ সালের ৩ নভেম্বর অধিদপ্তরের অফিসিয়াল ফেসবুক পেজ চালু করা হলেও একদল দক্ষ কারিগরি টিমের সহায়তায় এর আধুনিকীকরণের মাধ্যমে পরিশীলিত কন্টেন্ট দিয়ে ব্যাপক প্রচার-প্রচারণামূলক কার্যক্রম শুরু হয় ০১ জুলাই ২০২২ থেকে। বর্তমানে অফিসিয়াল ফেসবুক পেজটির ফলোয়ার সংখ্যা ১৯ লক্ষ ২০ হাজার প্রায়। | হ্যাঁ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | বাণিজ্য মন্ত্রণালয় | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ইউটিউব চ্যানেল (Vokta Odhikar – DNCRP) Link-https://youtubc.com/@voktaodhikarDNCRP) | সামাজিক যোগাযোগ মাধ্যম | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ভোক্তাবৃন্দকে সচেতন করার লক্ষ্যে প্রতি বছর লিফলেট, প্যাম্পলেট, স্টিকার, ক্যালেন্ডার ও ডায়েরি বিতরণ, অভিযান চলাকালে হ্যান্ডমাইকের সাহায্যে মাইকিং করা, ভোক্তাসাধারণ ও বিভিন্ন ব্যবসায়ী সমিতি ও সংগঠনের সাথে সেমিনার এবং মতবিনিময় সভা, রচনা প্রতিযোগিতার আয়োজন, স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে কুইজ প্রতিযোগিতার আয়োজন, প্রতিবছর ১৫ ই মার্চ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস পালন, ট্রাকশো আয়োজন ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে আসছে। এ সকল প্রচারণামূলক কার্যক্রমের মাধ্যমে কাঙ্ক্ষিত সংখ্যক ভোক্তাবৃন্দকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা সম্ভব হত না। ভোক্তা-অধিকার আইন সম্পর্কে খুব সহজে ও দ্রুত সময়ে অধিক সংখ্যক ভোক্তাকে সচেতন করার লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক 'জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর' ইউটিউব চ্যানেল **(Vokta Odhikar – DNCRP) Link-(https://youtube.com/@voktaodhikarDNCRP)** চালু করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশে থেকে "স্মার্ট বাংলাদেশ" স্লোগান-কে সামনে রেখে অফিসিয়াল ইউটিউব চ্যানেল চালুর এই উদ্যোগটি জনবান্ধব ও সময়োপযোগী। বর্তমানে অফিসিয়াল ইউটিউব চ্যানেলটির ফলোয়ার সংখ্যা ১ লক্ষ ৪১ হাজার প্রায়। | হ্যাঁ |
| ০৫ | বাণিজ্য মন্ত্রণালয় | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | হটলাইন নম্বর ১৬১২১ | টেলিকমিউনিকেশন | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের হটলাইন সেবা (নম্বর: ১৬১২১) টি ১৫ মার্চ ২০২০ তারিখে বিশ্ব ভোক্তা-অধিকার দিবসে মাননীয় বাণিজ্য মন্ত্রী উদ্বোধন করেন।<br><br>হটলাইনের মাধ্যমে ভোক্তা-ব্যবসায়ীগণ নিম্নে বর্ণিত সেবাসমূহ পেয়ে থাকেন:<br><br>ক. হটলাইন নম্বরে ফোন করে ভোক্তা-ব্যবসায়ীগণ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে যেকোন তথ্য তাৎক্ষণিকভাবে জানতে পারেন।<br><br>খ. অভিযোগকারীগণ ঘরে বসে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরে তাঁদের দাখিলকৃত অভিযোগ সম্পর্কে হটলাইন নম্বরে ফোন করে যে কোন সময় অভিযোগের অগ্রগতি সম্পর্কে জানতে পারেন।<br><br>গ. ভোক্তাগণ হটলাইন নম্বরে ফোন করে অভিযোগ জানাতে পারেন এবং অভিযোগ দায়েরের পদ্ধতি সম্পর্কে জানতে পারেন। | হ্যাঁ |